



ফরম নং-৭

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
ডাক বাক্স ৪
ময়মনসিংহ

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর অংগিকার পত্র

- ১। আমি ইহা অনুধাবন করিলাম যে, অত্র ইনস্টিটিউটে আমার এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং ইনস্টিটিউট যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ৩ (তিন) মাসের নোটিশ অথবা ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ নগদ অর্থ পরিশোধ করতঃ উক্ত নিয়োগের অবসান করিতে পারিবে।
- ২। এতদ্বারা আমি অংগিকারাবদ্ধ হইতেছি যে, যদি কখনো অত্র ইনস্টিটিউটের চাকুরী হইতে ইস্তফা দিতে চাই, তাহা হইলে উহা লিখিতভাবে ৩ (তিন) মাস পূর্বে প্রদান করিব। অন্যথায় ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিব এবং আমার ইস্তফা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত আমার স্থায় পদে কাজ করিয়া যাইতে বাধ্য থাকিব।
- ৩। আমি ইহাও অনুধাবন করিলাম যে, যদি কখনও আমি লিখিতভাবে ইস্তফা প্রদান না করিয়া অথবা প্রদত্ত ইস্তফা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত স্থায়ী কাজে অনুপস্থিত থাকি, তাহা হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে যে কোন প্রকার শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন যাহাদ্বারা ভবিষ্যতে যে কোন সরকারী অফিসে চাকুরীর জন্য আমি অযোগ্য বলিয়াও বিবেচিত হইতে পারি।
- ৪। আমি এই মর্মে অংগিকার করিতেছি যে, আবেদন পত্রে কোন তথ্য গোপন করি নাই বা মিথ্যা তথ্য পরিবেশন করি নাই। চাকুরীতে যোগদানের পরে যদি কোন প্রকার গোপন বা মিথ্যা তথ্য প্রমানিত হয় তাহা হইলে আমার চাকুরী সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে এবং আইন মোতাবেক আমার বিরুদ্ধে যে ব্যবস্থা নেওয়া হইবে তাহাও মানিয়া নিতে বাধ্য থাকিব।
- ৫। আমি আরও অংগিকারাবদ্ধ হইতেছি যে, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকুরীতে বহাল থাকাকালে আমি কোন বিদেশী নাগরিকের সহিত বৈবাহিক সূত্রে আবদ্ধ হইব না।

নামঃ-----

স্বাক্ষরঃ-----

পদবীঃ-----

তারিখঃ-----